দৈনিক
ইত্তেফাক

তারিখ 19 JUL 2016
পৃষ্ঠা ৩ কলাম ৬

# হরিণাকুণ্ডে প্রতিবন্ধী শিক্ষার্থীদের মাঝে টাকা বিতরণে অনিয়ম

■ হরিণাকুণ্ড (ঝিনাইদহ) সংবাদদাতা

ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলায় প্রতিবন্ধী শিক্ষার্থীদের মাঝে টাকা বণ্টনে অনিয়মের অভিযোগ উঠেছে। গত দুই অর্থ বছরে বরাদ্দকৃত মোট এক লাখ টাকা উপজেলার প্রতিবন্ধী শিক্ষার্থীদের মাঝে বিতরণ করার কথা থাকলেও নির্দিষ্ট সময়ে তা বিতরণ করা হয়নি।

প্রাথমিক শিক্ষা অফিস সূত্রে জানা যায়, উপজেলার প্রাথমিকে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীদের মাঝে হুইল চেয়ার, শ্রবণ প্রতিবন্ধীদের জন্য স্পিকার, দৃষ্টি প্রতিবন্ধীদের জন্য চশমাসহ বিভিন্ন সামগ্রী বাবদ ২০১৪-১৫ অর্থ বছরে ৫০ হাজার এবং ২০১৫-১৬ অর্থবছরে আরো ৫০ হাজার টাকা বিতরণ করার কথা থাকলেও তা বণ্টন করা হয়নি।

এ প্রসঙ্গে উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা (ভারপ্রাপ্ত) মনোয়ার হোসেন রঞ্জু বলেন, চলতি অর্থ বছরের ৫০ হাজার টাকা আমার নিয়ন্ত্রণে আছে। উপজেলা নির্বাহী কর্মকর্তার সময়ের অভাবে তা বন্টন করা সম্ভব হচ্ছে না। তিনি সময় দিলেই খুব তাড়াতাড়ি বিতরণ করা হবে। তিনি আরো বলেন, ২০১৪-১৫ অর্থ বছরে আমি দায়িত্বে ছিলাম না বিধায় এ সম্পর্কে ভালো বলতে পারবো না। এ বিষয়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা মনিরা পারভীন বলেন, আমি এ বিষয়ে তেমন কিছু বলতে পারবো না, প্রাথমিক শিক্ষা কর্মকর্তার কাছে খোঁজ নিন।

কয়েকজন প্রধান শিক্ষক অভিযোগ করে বলেন, উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসের কাজের কোনো স্বচ্ছতা না থাকায় গত অর্থ বছরে ৪৭ লাখ টাকা ফেরত গেছে। এছাড়া অনেক কর্মকর্তা ঠিকমত অফিসও করেন না। এমনকি নিজ দায়িত্ব পালনের চেয়ে বেশিরভাগ সময় তারা একে অপরের বিরুদ্ধে লিপ্ত থাকেন।